গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা
(রাজস্ব শাখা)
www.chuadanga.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.১৮০০.০০০.২০২.১১.০০০১.২৬-৮৭৯(২৭)

তারিখ: ০৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখার ২৩ জুন, ২০২৬ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১৮৬.১২-৪০১ নম্বর স্মারকমূলে জারিকৃত ছাড়পত্র এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ০৫ অক্টোবর ২০২৬ তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০১২.৫১.০০০৫.২৬-৫৪৪ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা এর রাজস্ব প্রশাসন ও এর আওতাধীন অফিসসমূহের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (https://dcchuadanga.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন ব্যতিত সরাসরি বা ডাকযোগে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ অনুযায়ী
০১	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০২ (দুই) টি	গ্রেড-১৬ তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল- ৭ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০২	সার্টিফিকেট পেশকার	০২ (দুই) টি	গ্রেড-১৬ তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০৩	সার্টিফিকেট সহকারী	০৩ (তিন) টি	গ্রেড-১৬ তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০৪	ক্রেডিট চেকিং কাম-সায়রাত সহকারী	০৩ (তিন) টি	গ্রেড-১৬ তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
০৫	মিউটেশন কাম সার্টিফিকেট সহকারী	০১ (এক) টি	গ্রেড-১৬ তম ২১৯০০-৫২৯০০/-	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৩। আবেদনপত্রে আবশ্যিকভাবে প্রার্থীদের সম্প্রতি (আবেদন দাখিলের এক মাস পূর্ব পর্যন্ত) তোলা রঙ্গিন ছবি ব্যবহার করতে হবে।

৪। আবেদনকারীর বয়স ০১/১০/২০২৬ খ্রি. তারিখে অবশ্যই ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানসহ সকল আবেদনকারীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদন দাখিলের শেষ সময় পর্যন্ত সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন/বিধি-বিধান অনুযায়ী বয়সসীমা অনুসরণযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

৫। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদ পূরণে সরকারের সর্বশেষ জারীকৃত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

৬। আবেদনকারীকে চাকুরির আবেদন ফর্মে (Applicant's Copy) সর্বশেষ শিক্ষাগত যোগ্যতাসহ সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না। এছাড়াও অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীকালে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোনো বৈধ সুযোগ-সুবিধা দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

চলমান পাতা: ০২

৭। সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে এবং অনাপত্তিপত্রসহ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। চাকুরিরত/বিভাগীয় প্রার্থীদের সকল শর্ত পূরণসাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Status- এ স্ব স্ব Option Select করতে হবে। অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৮। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষা ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন এবং কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৯। চাকরির জন্য আবেদন আগামী ২৮/১০/২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ২১/১১/২০২৬ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত দাখিল করা যাবে।

১০। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০২ (দুই) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's copy);
খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণকস্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র;
গ) চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
ঘ) জাতীয় পরিচয়পত্র/ডিজিটাল জন্মনিবন্ধন সনদপত্র;
ঙ) নবম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
চ) চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;
ছ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে আবেদনকারীর পিতা/মাতার নামে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র/উপযুক্ত প্রমাণপত্র;
জ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে বীর মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক নবম গ্রেডের গেজেটেড কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ অথবা পৌরসভার দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
ঝ) তৃতীয় লিঙ্গ, ক্ষুদ্র-নৃগোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের কপি;
ট) কম্পিউটার দক্ষতার প্রমাণকস্বরূপ সকল সনদপত্র।

১১। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত সর্বশেষ শর্তাবলী প্রযোজ্য হবে।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। কোটা সম্পর্কিত প্রচলিত/বিদ্যমান সর্বশেষ সরকারি নীতিমালা/পরিপত্র/গেজেট অনুসরণ করা হবে।

১৫। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে বা কোন মামলার রায় বাস্তবায়ন অপেক্ষমাণ বা প্রক্রিয়াধীন থাকে; তবে মাননীয় আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্যপদ পূরণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/ পরিমার্জন/ সংশোধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

(ক) আগ্রহী প্রার্থীগণ https://dcchuadanga.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ **২৮/১০/২০২৬** সকাল **১০:০০** টা।

(ii) Online- এ আবেদনপত্র দাখিলের শেষ তারিখ **২১/১১/২০২৬ বিকাল ৫.০০** টা।

বর্ণিত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন teletalk Pre-paid মোবাইল নম্বর SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel× প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

চলমান পাতা: ০৩

(গ) Online- এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online- এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী স্বয়ং শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদন পত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা প্রদান করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online- এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy- তে কোন ভুল থাকে বা অস্পষ্ট (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) ছবি/স্বাক্ষর না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করা যাবে।

উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy- তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy Download পূর্বক নিশ্চিত হয়ে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy- তে একটি User ID দেয়া থাকবে। বর্ণিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোন teletalk Pre-Paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ গ্রেড-১৬তম গ্রেডের পদের জন্য ১০০/- (একশত) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বার) টাকাসহ মোট ১১২/-(একশত বার) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করবেন। তবে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Taletalk এর সার্ভিস বাবদ ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/-(ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে।

বিশেষভাবে উল্লেখ্য যে, Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online- এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

নিয়মাবলী:

প্রথম SMS: DCCHUADANGA<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: DCCHUADANGA<Space>ABCDEF send to 16222

Reply: Applicant's Name. Tk. (application fee) will be Charged as application fee. your PIN is xxxxxxx. To pay fee Type DCCHUADANGA<Space>YES<Space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: DCCHUADANGA<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

Example: DCCHUADANGA YES 1234567 send to 16222

Reply: Congratulations Applicant's Name. Payment completed successfully for DCCHUADANGA Application for xxxxxxx. User ID is (ABCDEF) and password is (xxxxxx)

(চ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু/কেন্দ্রের নাম ইত্যাদির তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক রঙিন প্রিন্ট করতে হবে। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। সকল পদে আবেদনকারী প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ছ) প্রবেশপত্র সংগ্রহের নোটিশ https://dcchuadanga.teletalk.com.bd ও চুয়াডাঙ্গা জেলার ওয়েবসাইটে (www.dcchuadanga.gov.bd) তে পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধু যোগ্য প্রার্থীদের মোবাইল নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদন পত্রে প্রার্থীর মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(জ) শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

চলমান পাতা: ০৪

(i) User ID জানা থাকলে;
DCCHUADANGA<Space>Help<Space>User<Space>User ID & send to 16222
Example: DCCHUADANGA Help User ABCDEF & send to 16222
(ii) PIN Number জানা থাকলে;
DCCHUADANGA<Space>Help<Space>PIN<Space>PIN Number & send to 16222
Example: DCCHUADANGA Help PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসক চুয়াডাঙ্গা এর ওয়েবসাইট www.dcchuadanga.gov.bd তে দেখা যাবে এবং রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd তে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dcchuadanga.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে ই-মেইল এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। ই-মেইল এর Subject-এ Organization Name: DCCHUADANGA Post Name ..... Application User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

১৯। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বি: দ্র: শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

১৯/১০/২৫

(লুৎফুন নাহার)
জেলা প্রশাসক
চুয়াডাঙ্গা
ফোন নং-০২-৪৭৭৭৮৮৭১১
dcchuadanga@mopa.gov.bd

চলমান পাতা: ০৫

স্মারক নম্বর: ০৫.৪৪.১৮০০.০০০.২০২.১১.০০০১.২৬-৮৭৯(২৭)

তারিখ: ০৩ কার্তিক ১৪৩৩ / ১৯ অক্টোবর ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ও সভাপতি বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৯. রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা ও সদস্য বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
১০. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা ও সদস্য বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
১১. জেলা প্রশাসক,..... (সকল)
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চুয়াডাঙ্গা
১৩. পুলিশ সুপার, চুয়াডাঙ্গা
১৪. সিভিল সার্জন, চুয়াডাঙ্গা
১৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা
১৬. উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
১৭. উপজেলা নির্বাহী অফিসার,..... (সকল), চুয়াডাঙ্গা
১৮. সহকারী কমিশনার (ভূমি),..... (সকল), চুয়াডাঙ্গা
১৯. নেজারত ডেপুটি কালেক্টর, চুয়াডাঙ্গা
২০. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা
২১. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, চুয়াডাঙ্গা
২২. জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ডিএস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং-৩/৩/৫৫/৭৫, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা- ১২১২। তাঁকে নির্ধারিত সময়ে লিংক উন্মুক্ত করার জন্য অনুরোধ করা হলো
২৩. জেলা তথ্য অফিসার, চুয়াডাঙ্গা
২৪. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চুয়াডাঙ্গা
২৫. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা। (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রকাশের অনুরোধসহ)
২৬. বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ....., ...। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ...../১০/২০২৬ তারিখের মধ্যে স্বল্প পরিসরে (..... ইঞ্চি ৪ কলামে) ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো
২৭. অফিস কপি।

১৯/১০/২৬

জেলা প্রশাসক
চুয়াডাঙ্গা